**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# ইস্ট বাফেলোর বাসিন্দাদেরকে কর্মসূচি ও পরিষেবার সাথে যুক্ত করতে গভর্নর হোকল নিবেদিত আউটরিচ দল ঘোষণা করলেন

***বাফেলো ফেডারেশন অফ নেইবারহুড সেন্টার্স ইস্ট বাফেলোর বাসিন্দাদেরকে সম্প্রদায়ের সাথে জড়িত করবে***

***ইস্ট বাফেলোতে 50 মিলিয়ন মার্কিন ডলার অভীষ্ট বিনিয়োগ করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির মুখ্য অংশ***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ইস্ট বাফেলো সম্প্রদায়ে বাসিন্দাদেরকে সরকারি ভাতা, পরিষেবা ও কর্মসূচি পাওয়ার সুযোগ পাওয়ার ব্যাপারে সাহায্য করার জন্য একটি স্থানীয় মানবসেবা এজেন্সিকে সম্প্রদায়ে এবং একই সাথে সরাসরি, ঘরে ঘরে গিয়ে গৃহস্থালির আউটরিচ পরিচালনা করার জন্য 500,000 মার্কিন ডলার প্রদান করা হয়েছে। মে মাসে একটি স্থানীয় মুদি দোকানে বর্ণ সংক্রান্ত গুলি হামলার পরবর্তীতে সম্প্রদায়ের চাহিদা পূরণের জন্য গত জুন মাসে, বৃহত্তর 50 মিলিয়ন মার্কিন ডলার অভীষ্ট বিনিয়োগের অংশ হিসেবে প্রথম এই প্রয়াসটির ঘোষণা করা হয়।

"আমরা 14 মে এর ভয়াবহ আক্রমণের পর ইস্ট বাফেলো সম্প্রদায়ের পুনরুদ্ধারে সাহায্য করে যাচ্ছি, সেই সাথে বহু দশক ধরে বহু বাসিন্দাকে অবহেলা করতে থাকা নিয়মাবদ্ধ অসমতার সমাধান করার জন্যও আমরা প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "আমরা সম্প্রদায়ের উদ্বেগসমূহের ব্যাপারে সাড়াদান করছি এবং অতীতের ভুল সংশোধনের জন্য সিটি, কাউন্টি ও সম্প্রদায়ের সদস্যদের সাথে নিবিড়ভাবে কাজ করছি, আমরা জানি যে বাফেলোতে আরো ন্যায্য, সমতার ভবিষ্যৎ গঠনে অনেক কাজ এখনো বাকি আছে।"

বাফেলো ফেডারেশন অফ নেইবারহুড সেন্টার্স (Buffalo Federation of Neighborhood Centers) দ্বারা পরিচালিত হবে এমন একটি আউটরিচ কর্মসূচি তৈরি করার জন্য স্টেট ইরি কাউন্টি ও বাফেলো সিটির সাথে কাজ করবে। স্থানীয় সংগঠনগুলির বর্ণনা অনুযায়ী ভাতা ও পরিষেবার উপলভ্যতা এবং সম্প্রদায়ে তার ব্যবহারের মধ্যকার ঘাটতি হ্রাস করতে সংগঠনটি সরাসরি, এক-এক নিবিড় ভাতা ও কেস ব্যবস্থাপনা সেবা পাওয়ার সুযোগ প্রদান করবে।

বাফেলো ফেডারেশন অফ নেইবারহুড সেন্টার্স ইনকর্পোরেটেড সাংস্কৃতিকভাবে উপযুক্ত, ট্রমা অবগত পদ্ধতি ব্যবহার করে উপলভ্য ভাতা ও পরিষেবার ব্যাপারে তথ্য দেওয়ার জন্য ইস্ট বাফেলোর গৃহস্থালিসমূহে ঘরে ঘরে গিয়ে ক্যানভাসিং করবে, যা এই জিপ কোডগুলিতে কেন্দ্রীভূত হবে: 14204, 14208, 14209, 14211, 14212 এবং 14215.

প্রশিক্ষিত কর্মীরা বিশিষ্ট সামাজিক সেবা, আবাসন, ও সেই ধরনের চাহিদা সনাক্ত করতে, চাহিদা পূরণে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে, রেফারেল প্রদান করতে, এবং ভাতা কেসমূহের অগ্রগতি পর্যবেক্ষণ করতে পারবে। দলটি যেই কর্মসূচি ও পরিষেবার জন্য সরাসরি পাওয়ার সুযোগ প্রদান করবে তার মধ্যে আছে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP); বাড়ির শক্তি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program, HEAP); সরকারি সহায়তা; STAR সম্পত্তি কর মওকুফ; মেডিকেইড, মেডিকেয়ার, এবং অন্যান্য স্বাস্থ্য বিনিময় বিকল্প; শিশুদের স্বাস্থ্যবীমা পরিকল্পনা এবং স্টেটের শিশুদের জন্য স্বাস্থ্যবীমা পরিকল্পনা।

এছাড়াও আগামী এক বছরে বাফেলো ফেডারেশন অফ নেইবারহুড সেন্টার্স বিশ্বাসভিত্তিক এবং অন্যান্য সম্প্রদায়ভিত্তিক সংগঠনের সাথে সমন্বয় করে 15টি বা তার বেশি সম্প্রদায়ের আউটরিচ ইভেন্ট আয়োজন করবে। সম্প্রদায়ের সর্বাধিক অংশগ্রহণের ব্যবস্থা করার জন্য ইভেন্টগুলি আয়োজিত হবে।

**অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন,** "নিম্ন আয়ের গৃহস্থালিসমূহকে তাদের প্রয়োজন মেটাতে ও অর্থনৈতিক নিরাপত্তার দিকে অগ্রসর হতে সাহায্য করতে পারে এমন বহুসংখ্যক কর্মসূচির তত্ত্বাবধান আমাদের এজেন্সি করে। আমাদের মতো নিউ ইয়র্কবাসীদেরকে তাদের প্রয়োজনের সময় সাহায্য করার জন্য এই কর্মসূচি এবং পরিষেবা বিদ্যমান রয়েছে এবং আমরা উপযুক্ত ব্যক্তিদের আবেদন করার জন্য উৎসাহিত করি।"

**মানসিক স্বাস্থ্য অফিসের (Office of Mental Health, OMH) কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন,** "ইস্ট বাফেলোতে বাস করা যেসকল মানুষ মর্মান্তিক এই ঘটনা দ্বারা সর্বাধিক প্রভাবিত হয়েছে, সম্পূর্ণ পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় অত্যাবশ্যকীয় সামাজিক সেবা ও ভাতা পাওয়ার তাদের সুযোগ নিশ্চিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ এই উদ্যোগকে সমর্থন করতে পেরে OMH আনন্দিত। নিবিড় এই আউটরিচটি নিশ্চিত করবে যাতে সকল বাসিন্দার কাছে পৌঁছানো যায় এবং তাদের কাছে পুনর্গঠন ও নিজেদের সম্প্রদায়ের বিকাশের জন্য প্রয়োজনীয় ভাতা ও সেবা পাওয়ার সুযোগ থাকে।"

**স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন,** "বৃহত্তর এটি 50 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি বাফেলোর জন্য যুগান্তকারী, কিন্তু তবুও বাসিন্দারা যদি না জানে যে উপলভ্য নিবেদিত পরিষেবা ও কর্মসূচি কীভাবে পাওয়া যেতে পারে তাহলে এটি প্রায় অর্থহীন হয়ে যায়। আমাদের সম্প্রদায়কে এবং এখানে অবস্থানরত পরিশ্রমী পরিবারসমূহকে বলীয়ান করার প্রয়াস সম্পূর্ণভাবে সমর্থন করবে এমন ভাতা ও সংস্থানের সাথে মানুষকে যুক্ত করে দেওয়ার জন্য এই আউটরিচটি একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান।"

**ইরি কাউন্টি নির্বাহী মার্ক পোলোনকার্জ বলেন,** "বাসিন্দাদের আরো ভালো সেবা দেওয়ার জন্য এবং প্রয়োজনীয় কর্মসূচি ও পরিষেবা সকলের জন্য সমানভাবে উপলভ্য আছে তা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেট এবং বাফেলো সিটির সাথে অংশীদারিত্ব করতে পেরে ইরি কাউন্টি গর্বিত। বহু ব্যক্তি ও পরিবার জানে না তাদের সাহায্য করতে ও নির্দেশনা দিতে কী সংস্থান উপলভ্য আছে এবং সেই সচেতনতা বৃদ্ধির জন্য সরাসরি, ব্যক্তি পর্যায়ে যোগাযোগ একটি ভালো উপায়। এ ধরনের প্রচেষ্টা আরো বলীয়ান, স্থিতিস্থাপক ও ভালোভাবে সংযুক্ত সম্প্রদায় তৈরি করে এবং এই প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

**বাফেলোর মেয়র বায়রন ব্রাউন বলেন,** "আমি কৃতজ্ঞ যে অতি গুরুত্বপূর্ণ এই প্রকল্পের জন্য বাফেলো ফেডারেশন অফ নেইবারহুড সেন্টার্সকে নির্ধারিত করা হয়েছে।500,000 মার্কিন ডলার ব্যবহার করে ইস্ট বাফেলোকে পরিষেবার সাথে সংযুক্ত করে দেওয়া মানুষকে তাদের জন্য উপলভ্য সংস্থান পেতে সাহায্য করার জন্য একটি গুরুত্বপূর্ণ ধাপ।এই ক্যানভাসিং ইস্ট বাফেলোর বাসিন্দাদের জীবনে বাস্তব ফলাফল আনবে বলে আমি আশাবাদী এবং ইতিবাচক ফলাফল দেখতে উন্মুখ।"

**বাফেলো ফেডারেশন অফ নেইবারহুড সেন্টার্সের প্রধান নির্বাহী কর্মকর্তা চন্দ্রা রেডফার্ন বলেন,** "এটি আমাদের সম্প্রদায়ভিত্তিক এজেন্সির জন্য নিখুঁত একটি প্রকল্প, এবং আমরা একটি প্রভাব তৈরির সুযোগটি পেয়ে গর্বিত ও উৎফুল্ল। পরিবর্তনশীল সম্প্রদায়ে সেবা পুনঃকল্পনা করা আমরা অব্যাহত রাখবো। এই প্রকল্পটি আমাদেরকে সেই বাসিন্দাদের কাছে পৌঁছে দেয় যাদের হয়তো তারা যেখানে রয়েছে সেখানেই সেবার প্রয়োজন আছে। গ্রাহক পরিষেবায় মনোযোগ ও সাহায্যের হাত বাড়িয়ে দেওয়া আমাদের ক্ষমতায়ন করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418